

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
গুলফেশী প্লাজা (৭ম তলা)
৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক
বড় মগবাজার, রমনা
ঢাকা-১২১৭।

মুজিববর্ষের উপহার
ক্ষুদ্র অর্থায়নে দারিদ্র্য মুক্তির অঙ্গীকার

এমআরএ/সার্কুলার লেটার নং-৬৭

তারিখ: ০৯ ভাদ্র ১৪২৮
২৪ আগস্ট ২০২১

প্রধান নির্বাহী কর্মকর্তা
সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান (সকল)

বিষয়ঃ মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি কর্তৃক প্রদত্ত সনদ নম্বর ও অথরিটির হটলাইন নম্বরসহ অন্যান্য বিষয়াদি ব্যবহার ও প্রদর্শন।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অথরিটির ২৫ আগস্ট, ২০১০ এর এমআরএ/রেগুলেশন সার্কুলার নং-৪/২০১০-২০১১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উল্লিখিত সার্কুলারে অথরিটির সনদপ্রাপ্ত সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানকে এমআরএ কর্তৃক প্রদত্ত সনদ নম্বর প্রতিষ্ঠানের সাইনবোর্ডে উল্লেখসহ সনদের কপি প্রতিষ্ঠানের প্রধান কার্যালয় ও সকল শাখা কার্যালয়ে সহজে দৃষ্টিগোচর এমন স্থানে প্রদর্শনের জন্য নির্দেশনা দেয়া হয়। কিছু কিছু প্রতিষ্ঠান অথরিটির উক্ত নির্দেশনা পরিপালন করছে না মর্মে দেখা যায়। এছাড়া সনদপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ তাদের জনবল নিয়োগের লক্ষ্যে বিভিন্ন পত্র-পত্রিকায়/ওয়েব পোর্টালে বিজ্ঞপ্তি প্রকাশ করে থাকে যেখানে প্রতিষ্ঠান অথরিটির সনদপ্রাপ্ত কিনা তা স্পষ্ট থাকে না। অধিকন্তু প্রতিষ্ঠানের পাসবহি পর্যালোচনায় দেখা যায় যে, কোন গ্রাহক প্রতিষ্ঠানের সদস্য কল্যাণ তহবিলের আওতাভুক্ত কিনা তা উল্লেখ করা হয় না এবং উক্ত প্রতিষ্ঠান অথরিটি কর্তৃক মেয়াদী আমানত গ্রহণের অনুমতি প্রাপ্ত কিনা তা গ্রাহকগণ অবগত থাকেন না।

৩। বর্ণিত অবস্থায়, ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান ও তাদের গ্রাহকদের সার্বিক স্বার্থ সুরক্ষায় নিম্নরূপ পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলোঃ

- (১) ইতোপূর্বের নির্দেশনানুযায়ী অথরিটি কর্তৃক প্রদত্ত সনদের কপি প্রতিষ্ঠানের প্রধান কার্যালয় ও সকল শাখা কার্যালয়ে সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ;
- (২) জনবল নিয়োগের লক্ষ্যে বিভিন্ন পত্র-পত্রিকায়/ওয়েব পোর্টালে প্রকাশিত বিজ্ঞপ্তিতে আবশ্যিকভাবে অথরিটির সনদ নম্বর উল্লেখকরণ;
- (৩) প্রতিষ্ঠানের সাইনবোর্ডে ও গ্রাহকের পাসবহিতে অথরিটি কর্তৃক প্রদত্ত এমআরএ সনদ নম্বর উল্লেখকরণ;
- (৪) প্রত্যেক গ্রাহকের পাসবহিতে অথরিটির হটলাইন নম্বর (১৬১৩৩) উল্লেখকরণ ও সংশ্লিষ্ট শাখার ব্যবস্থাপকের নম্বর সন্নিবেশন;
- (৫) কোন গ্রাহক প্রতিষ্ঠানের সদস্য কল্যাণ তহবিলের আওতাভুক্ত কিনা তা পাসবহিতে উল্লেখকরণ;
- (৬) কোন প্রতিষ্ঠান মেয়াদী আমানত গ্রহণের জন্য এ অথরিটি কর্তৃক অনুমোদন প্রাপ্ত হলে উক্ত অনুমতি পত্রের কপি সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে প্রদর্শন।

৪। বিষয়টি অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ ইয়াকুব হোসেন)

পরিচালক

ফোনঃ ৪৮৩১৫৭১৫

ই-মেইলঃ director.lic-regu@mra.gov.bd

নম্বর-৫৩.০৪.০০০০.২১.২২.০০৩.২১-১৪২৯(৭৪৬)(১০)

তারিখঃ ০৯ ভাদ্র ১৪২৮
২৪ আগস্ট ২০২১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

- (১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
- (২) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
- (৩) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- (৪) মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ইকোটন গার্ডেন রোড, ঢাকা।
- (৫) রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, কারওয়ান বাজার, ঢাকা।
- (৬) বিভাগীয় কমিশনার (সকল)।
- (৭) জেলা প্রশাসক (সকল)।
- (৮) উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- (৯) গভর্নরের একান্ত সচিব, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা (গভর্নর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- (১০) সিনিয়র সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোহাম্মদ ইয়াকুব হোসেন)
পরিচালক